**RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA**
**(Residential Autonomous College under University of Calcutta)**

**SECOND YEAR**
**B.A./B.SC. THIRD SEMESTER (July – December), 2011**
**Mid-Semester Examination, September, 2011**

Date : 12/09/2011
**BENGALI (Honours)**
Time : 2 pm – 4 pm
Paper : III
Full Marks : 50

১। ঈশ্বরগুপ্ত-কে 'যুগসন্ধির কবি' অভিধায় ভূষিত করা কতখানি যুক্তিসংগত বলে তোমরা মনে হয় ---আলোচনা করো। [১০]

**অথবা,**

"তারপর ঊনবিংশ শতাব্দীর মাঝামাঝি নতুনের জোয়ার এলে অবাঞ্ছিত আবর্জনা বিস্মৃতির পারে ভেসে গেল। কিন্তু এব সবটাই আবর্জনা ছিল না, এও স্বীকার করতে হবে।" কবিওয়ালাদের কবিগান সম্পর্কে সমালোচকের এই মন্তব্য গ্রহণযোগ্য কী? [১০]

২। যে কোন একটি বিষয় সম্পর্কে আলোচনা করোঃ [২·৫]
'কর্মদেবী', 'তিলোত্তমাসম্ভব কাব্য'

৩। ট্রাজেডি হিসেবে 'বিসর্জন' নাটকটি কতখানি সার্থক আলোচনা করো। [১০]

**অথবা,**

'দুই শক্তি জয়সিংহকে দুই দিক হতে আকর্ষণ করতে লাগল।' এই 'দুই শক্তি'-র টানাপোড়েন জয়সিংহকে শেষপর্যন্ত ইতিবাচক হতে দেয়নি। তুমি কী একমত? [১০]

৪। 'তোরি হাতে বাঁধা খাতা তারি শ-খানেক পাতা
অক্ষরেতে ফেলিয়াছি ঢেকে,"---

কে, কার উদ্দেশে বলছেন? প্রসঙ্গটি ব্যাখ্যা করো। [১+১·৫ = ২·৫]

**অথবা,**

'যবে বসে আছি ভরা মনে-- / দিতে চাই, নিতে কেহ নাই।' ---কে বলছেন? কোন প্রসঙ্গে বলছেন? [১+১·৫ = ২·৫]

৫। 'নূতন বিবাহে বাঁধিবে আমায় নবীনজীবনভোরে।' ---কবি কার সঙ্গে এবং কেন 'নূতন বিবাহে'-র বন্ধনে আবদ্ধ হতে চাইছেন ব্যাখ্যা করো। [১০]

**অথবা,**

'আজি রজনীতে হয়েছে সময়, এসেছি বাসবদত্তা।' ---কে বাসবদত্তা-র কাছে এসেছিলেন? কখন 'সময়' হয়েছিল তাঁর? [১+৯ = ১০]

৬। 'মনে হল, এ পাখার বাণী / দিল আনি / শুধু পলকের তরে / পুলকিত নিশ্চলের অন্তরে অন্তরে / বেগের আবেগ।' ---কোন কবিতার অংশ? কবিতাটি কোথায় অবস্থানকালে লিখেছিলেন কবি? 'বেগের আবেগ' --এর তাৎপর্য কী? [১+০·৫+১ = ২·৫]

**অথবা,**

'কর্মযোগে তাঁর সাথে এক হয়ে ঘর্ম পড়ুক ঝরে' ---কোন কবিতার অংশ? কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্ভুক্ত? পংক্তিটির তাৎপর্য লেখো। [১+০·৫+১ = ২·৫]

৭। 'দিদিহারা' কবিতায় শিশুমনের স্বজন হারানোর বেদনা প্রকৃতির অনুষঙ্গে কীভাবে অভিব্যক্ত হয়েছে আলোচনা করো। [১০]

**অথবা,**

'চিন্তা' কবিতার কবির মানসিক দোলাচলতার যে পরিচয় পাও তা ব্যাখ্যা করো। [১০]

৮। 'দিদিহারা' কোন কাব্যগ্রন্থের অন্তর্ভুক্ত? কবি কাকে কাব্যগ্রন্থটি উৎসর্গ করেছেন? [১+১·৫ = ২·৫]

**অথবা,**

'তোমার কুহকে পড়ে যাইতেছে মান' --- কবির এই বক্তব্যের তাৎপর্য বিশ্লেষণ করো। [২·৫]